

Visit of External Affairs Minister to the Russian Federation (November 7-8, 2022)

November 03, 2022

বিদেশ মন্ত্রীর রাশিয়ান ফেডারেশন সফর(নভেম্বর 7-8, 2022) নভেম্বর 03,2022

বিদেশ মন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর নভেম্বর 7-8, 2022 তারিখে সরকারি সফরে রাশিয়ান ফেডারেশন যাবেন।

2. এই সফরে বিদেশ মন্ত্রী রাশিয়ান ফেডারেশনের বিদেশ মন্ত্রী মাননীয় সেগেই লাভরভের সাথে সাক্ষাৎ করবেন। সমগ্র দ্বিপাক্ষিক সম্পর্ক নিয়ে তাদের মধ্যে আলোচনা হবে এবং বিভিন্ন আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয় নিয়ে তারা মত বিনিময় করবেন।

3. মাননীয় বিদেশ মন্ত্রী রাশিয়ান ফেডারেশনের উপপ্রধানমন্ত্রী এবং বাণিজ্য ও শিল্পমন্ত্রী এবং ইন্টার গভর্নেন্টাল কমিশন অন ড্রেড, ইকোনমিক, সায়েন্টিফিক, টেকনোলজিক্যাল অ্যান্ড কালচারাল কোঅপারেশনে তার সমপদস্থ মাননীয় ডেনিস মান্টুরভের সঙ্গেও সাক্ষাৎ করবেন। দ্বিপাক্ষিক অর্থনীতির বিভিন্ন ক্ষেত্র নিয়ে তারা আলোচনা করবেন।

4. এই সফর দুপক্ষের মধ্যে নিয়মিত চলতে থাকা উচ্চ স্তরের সংলাপের অন্তর্গত। মাননীয় বিদেশ মন্ত্রী 2021 এর জুলাইয়ে শেষবার রাশিয়া সফরে গিয়েছিলেন। তারপর এপ্রিল 2022 এ রাশিয়ান বিদেশ মন্ত্রী নিউ দিল্লি সফরে এসেছিলেন।

নিউদিল্লি

নভেম্বর 3,2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.